# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পুলিশ
অধিনায়কের কার্যালয়
৫ আর্মড পুলিশ ব্যাটালিয়ন
উত্তরা, ঢাকা

## উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি

"The Public Procurement Act-2006" and "The Public Procurement Regulations-2008" এবং এর তদীয় সংশোধিত বিধি মোতাবেক আসন্ন ২০১৩-১৪ অর্থ বছরে ৫ এপিবিএন, উত্তরা, ঢাকা এবং বিশেষায়িত সিকিউরিটি ও প্রটেকশন ব্যাটালিয়ন ফোর্সের জন্য নিম্নবর্ণিত গ্রুপভিত্তিক কাজের ঠিকাদার নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে উন্মুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে। এতদসংক্রান্তে প্রয়োজনীয় তথ্যসমূহ নিম্নে প্রদত্ত হলোঃ

| | | | |
|---|---|---|---|
| ১. | মন্ত্রণালয়/বিভাগ | ঃ | স্বরাষ্ট্র মন্ত্রণালয়/বাংলাদেশ পুলিশ। |
| ২. | দরপত্র আহ্বানকারী দপ্তরের নাম | ঃ | অধিনায়কের কার্যালয়, ৫ আমর্ড পুলিশ ব্যাটালিয়ন, উত্তরা, ঢাকা। |
| ৩. | সংগ্রাহক সত্তা | ঃ | অধিনায়ক, ৫ এপিবিএন, উত্তরা, ঢাকা। |
| ৪. | দরপত্র বিজ্ঞপ্তি স্মারক নং ও তারিখ | ঃ | এপিবি(৫)/কিউএম/৭৩১ তারিখ- ১১/০২/২০১৩। |
| ৫. | কাজের নাম | ঃ | গ্রুপ-কঃ টাটকা রেশন সামগ্রী সরবরাহ এবং<br>গ্রুপ-খঃ জ্বালানি কাঠ সরবরাহ। |
| ৬. | কাজের সময়সীমা | ঃ | ২০১৩-১৪ অর্থ বছর (জুলাই/২০১৩ হতে জুন/২০১৪ পর্যন্ত) (প্রতিটি গ্রুপ এর জন্য)। |
| ৭. | অর্থের উৎস | ঃ | রাজস্ব। |
| ৮. | দরপত্র সিডিউল বিক্রয়ের সময়সীমা | ঃ | পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ১১/০৩/২০১৩ পর্যন্ত অফিস চলাকালীন সময়। |
| ৯. | দরপত্র সিডিউল প্রাপ্তির স্থান | ঃ | অতিরিক্ত আইজি, এপিবিএন হেডকোয়ার্টার্স কার্যালয় এবং অধিনায়কের কার্যালয়, ৫ এপিবিএন, উত্তরা, ঢাকা। |
| ১০. | দরপত্র দাখিলের তারিখ, সময় ও স্থান | ঃ | ১২/০৩/২০১৩ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে অধিনায়ক, ৫ এপিবিএন, উত্তরা ঢাকার কার্যালয়ে রক্ষিত সীলমোহরকৃত দরপত্র বাক্সে। |
| ১১. | দরপত্র বাক্স খোলার সময় ও তারিখ | ঃ | ১২/০৩/২০১৩ তারিখ ১২.৩০ ঘটিকা। দরপত্রদাতা অথবা তার প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ খোলা হবে। |
| ১২. | টিইসি'র সভা | ঃ | ১৮/০৩/২০১৩ তারিখ। |
| ১৩. | শর্ত ও নির্দেশাবলী | ঃ | দরপত্র দাখিলের সময় নিম্নবর্ণিত দালিলিক কাগজপত্রাদির ছায়ালিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে। যার দরপত্রের সাথে বর্ণিত কাগজপত্রাদি সঠিকভাবে পাওয়া যাবে না তার দর গ্রহণের ক্ষেত্রে বিবেচিত হবে না।<br>ক) নাগরিকত্ব সনদ, হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএনসহ হালনাগাদ পরিশোধিত আয়কর সনদ, মূসক (ভ্যাট) রেজিস্ট্রেশন সার্টিফিকেট এবং ফার্ম/প্রতিষ্ঠানের মালিকানা সম্পর্কিত এ্যাফিডেভিট অথবা প্রতিনিধির ক্ষেত্রে প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট/নোটারি পাবলিক কর্তৃক প্রদত্ত ক্ষমতাপত্র, ঠিকাদারের সংশ্লিষ্ট কাজের আর্থিক স্বচ্ছলতা আছে কিনা তা প্রমাণের লক্ষ্যে গত এক বছরের ব্যাংক লেনদেন বিবরণী।<br>খ) সেনা, নৌ, বিমান বাহিনী, বিজিবি কিংবা পুলিশে কাজের কমপক্ষে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা সনদ (সংশ্লিষ্ট সংস্থার উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত) এবং একই কার্যাদেশে কমপক্ষে গ্রুপ-কঃ টাটকা রেশন সামগ্রী সরবরাহের ক্ষেত্রে ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা মাত্র এবং গ্রুপ খ-ঃ জ্বালানি কাঠ সরবরাহের ক্ষেত্রে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা মাত্র বিল উত্তোলনের অভিজ্ঞতা সনদপত্র।<br>গ) এ ছাড়াও অন্যান্য শর্তাবলী সিডিউলে উল্লেখ আছে।<br>ঘ) দরপত্রের সকল কার্যক্রম "The Public Procurement Act-2006" and "The Public Procurement Regulations-2008" এবং এর তদীয় সংশোধিত বিধি মোতাবেক পরিচালিত হবে। |

| গ্রুপ | কাজের নাম | পরিমাণ/সংখ্যা | দরপত্র সিডিউলের মূল্য | দরপত্র জামানতের বিবরণ | কাজের সময়সীমা |
|---|---|---|---|---|---|
| গ্রুপ-ক | টাটকা রেশন সামগ্রী সরবরাহ | চাহিদা অনুযায়ী | ১০০০/- (এক হাজার) টাকা | ৬,০০,০০০/- | ২০১৩-১৪ অর্থ সাল |
| গ্রুপ-খ | জ্বালানি কাঠ সরবরাহ | চাহিদা অনুযায়ী | ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা | ৫০,০০০/- | ২০১৩-১৪ অর্থ সাল |

কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। উল্লেখ্য যে, এ বিজ্ঞপ্তিটি **CPTU** এর ওয়েবসাইটে **(www.cptu.gov.bd)** পাওয়া যাবে।

**সারোয়ার মুর্শেদ শামীম**
বিপি নং-৭৪০১০২০৭৯৩
অধিনায়ক (পুলিশ সুপার)
৫ এপিবিএন, উত্তরা, ঢাকা
☎-৮৯১১৩১৪, 🖷-৮৯১৪২৬৭

জিডি-৬১৪

---

# নিলাম বিজ্ঞপ্তি

**স্টেশন সাপ্লাই ডেপো, কাদিরাবাদ সেনানিবাস**

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রচুর পরিমাণ ব্যবহারযোগ্য/মেরামতযোগ্য/ অকেজো সয়াবিন তেলের ব্যারেল, পিওএল সামগ্রী এর ব্যারেল, টিন, পলিথিন/নাইলন/পাটের বস্তা এবং অন্যান্য মোড়ক সামগ্রী স্টেশন সাপ্লাই ডেপো, কাদিরাবাদ সেনানিবাস কর্তৃক আগামী ১৯ ফেব্রুয়ারি ২০১৩ তারিখ ১২৩০ ঘটিকায় প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে। নিলামে অংশগ্রহণের জন্য ১,০০,০০০.০০ (এক লক্ষ টাকা মাত্র) টাকা অধিনায়ক, স্টেশন সাপ্লাই ডেপো, কাদিরাবাদ চলতি হিসাব নং ৮০২ অগ্রণী ব্যাংক, কাদিরাবাদ সেনানিবাস শাখা, নাটোর এর অনুকূলে ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডারের মাধ্যমে কর্তৃপক্ষের নিকট নিলাম কার্য শুরু হওয়ার পূর্বে জমা করতে হবে। সর্বোচ্চ দরদাতাদের তাৎক্ষণিকভাবে উক্ত মোড়ক সামগ্রীর মোট মূল্যের ২৫% মূল্য, নিলাম মূল্যের সাথে ৫% আয়কর এবং ৪% মূল্য সংযোজন কর (ভ্যাট) নিলাম শেষে জমা করতে হবে। নিলাম অনুষ্ঠিত হওয়ার পরবর্তী ০৭ দিনের মধ্যে নিলাম মূল্যের অবশিষ্ট ৭৫% মূল্য জমা করে নিজ দায়িত্বে এবং নিজ খরচে নিলামকৃত মালামাল সংগ্রহ করতে হবে। অন্যথায় নিলামকালীন জমাকৃত ২৫% মূল্য, নিলাম মূল্যের সাথে অতিরিক্ত ৫% আয়কর এবং ৪% ভ্যাট বাজেয়াপ্ত করে সরকারি কোষাগারে জমা করা হবে। অন্যান্য শর্ত ও নিয়মাবলী নিলামের স্থানেই জানানো হবে। নিলাম সংক্রান্ত যে কোন বিষয়ে বোর্ডঅব অফিসারের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে এবং উক্ত বোর্ড কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম কার্যক্রম বাতিল করার ক্ষমতা রাখেন।

**ক্যাপ্টেন**
অধিনায়ক
স্টেশন সাপ্লাই ডেপো, কাদিরাবাদ
সেনানিবাস

আইএসপিআর/সেনা/২০১৩/১৬৮০
জিডি-৬৩৭

---

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পুলিশ
অধিনায়কের কার্যালয়
৫ আর্মড পুলিশ ব্যাটালিয়ন
উত্তরা, ঢাকা

## উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি

"The Public Procurement Act-2006" and "The Public Procurement Regulations-2008" এবং এর তদীয় সংশোধিত বিধি মোতাবেক আসন্ন ২০১৩-১৪ অর্থ বছরে ৫ এপিবিএন, উত্তরা, ঢাকা এবং বিশেষায়িত সিকিউরিটি ও প্রটেকশন ব্যাটালিয়ন ফোর্সের জন্য নিম্নবর্ণিত গ্রুপভিত্তিক কাজের ঠিকাদার নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে উন্মুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে। এতদসংক্রান্তে প্রয়োজনীয় তথ্যসমূহ নিম্নে প্রদত্ত হলোঃ

| | | | |
|---|---|---|---|
| ১. | মন্ত্রণালয়/বিভাগ | ঃ | স্বরাষ্ট্র মন্ত্রণালয়/বাংলাদেশ পুলিশ। |
| ২. | দরপত্র আহ্বানকারী দপ্তরের নাম | ঃ | অধিনায়কের কার্যালয়, ৫ আমর্ড পুলিশ ব্যাটালিয়ন, উত্তরা, ঢাকা। |
| ৩. | সংগ্রাহক সত্তা | ঃ | অধিনায়ক, ৫ এপিবিএন, উত্তরা, ঢাকা। |
| ৪. | দরপত্র বিজ্ঞপ্তি স্মারক নং ও তারিখ | ঃ | এপিবি(৫)/কিউএম/৭৩৯ তারিখ- ১১/০২/২০১৩। |
| ৫. | কাজের নাম | ঃ | গ্রুপ-কঃ গম পিষাই এবং<br>গ্রুপ-খঃ সরকারি খাদ্য গুদাম হতে ব্যাটালিয়ন খাদ্য গুদামে শুকনা রেশন সামগ্রী উঠানো/নামানোর কুলি ঠিকাদার নিয়োগ। |
| ৬. | কাজের সময়সীমা | ঃ | ২০১৩-১৪ অর্থ বছর (জুলাই/২০১৩ হতে জুন/২০১৪ পর্যন্ত) (প্রতিটি গ্রুপ এর জন্য)। |
| ৭. | অর্থের উৎস | ঃ | রাজস্ব। |
| ৮. | দরপত্র সিডিউল বিক্রয়ের সময়সীমা | ঃ | পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ০৪/০৩/২০১৩ পর্যন্ত অফিস চলাকালীন সময়। |
| ৯. | দরপত্র সিডিউল প্রাপ্তির স্থান | ঃ | অতিরিক্ত আইজি, এপিবিএন হেডকোয়ার্টার্স কার্যালয় এবং অধিনায়কের কার্যালয়, ৫ এপিবিএন, উত্তরা, ঢাকা। |
| ১০. | দরপত্র দাখিলের তারিখ, সময় ও স্থান | ঃ | ০৫/০৩/২০১৩ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে অধিনায়ক ৫ এপিবিএন, উত্তরা, ঢাকার কার্যালয়ে রক্ষিত সীলমোহরকৃত দরপত্র বাক্সে। |
| ১১. | দরপত্র বাক্স খোলার সময় ও তারিখ | ঃ | ০৫/০৩/২০১৩ তারিখ ১২.৩০ ঘটিকা। দরপত্রদাতা অথবা তার প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ খোলা হবে। |
| ১২. | টিইসি'র সভা | ঃ | ১০/০৩/২০১৩ তারিখ। |
| ১৩. | শর্ত ও নির্দেশাবলী | ঃ | দরপত্র দাখিলের সময় নিম্নবর্ণিত দালিলিক কাগজপত্রাদির ছায়ালিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে। যার দরপত্রের সাথে বর্ণিত কাগজপত্রাদি সঠিকভাবে পাওয়া যাবে না তার দর গ্রহণের ক্ষেত্রে বিবেচিত হবে না।<br>ক) নাগরিকত্ব সনদ, হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএনসহ হালনাগাদ পরিশোধিত আয়কর সনদ, মূসক (ভ্যাট) রেজিস্ট্রেশন সার্টিফিকেট এবং ফার্ম/প্রতিষ্ঠানের মালিকানা সম্পর্কিত এ্যাফিডেভিট অথবা প্রতিনিধির ক্ষেত্রে প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট/ নোটারি পাবলিক কর্তৃক প্রদত্ত ক্ষমতাপত্র, ঠিকাদারের সংশ্লিষ্ট কাজের আর্থিক স্বচ্ছলতা আছে কিনা তা প্রমাণের লক্ষ্যে গত এক বছরের ব্যাংক লেনদেন বিবরণী।<br>খ) সেনা, নৌ, বিমান বাহিনী, বিজিবি কিংবা পুলিশে কাজের কমপক্ষে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা সনদ (সংশ্লিষ্ট সংস্থার উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত) এবং একই কার্যাদেশে কমপক্ষে গ্রুপ-কঃ গম পেষাই-এর ক্ষেত্রে ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা মাত্র এবং গ্রুপ-খঃ সরকারি খাদ্য গুদাম হতে ব্যাটালিয়ন খাদ্য গুদামে শুকনা রেশন সামগ্রী উঠানো/নামানোর কুলি ঠিকাদার নিয়োগের ক্ষেত্রে কমপক্ষে ৭,০০,০০০/- (সাত লক্ষ) টাকা মাত্র বিল উত্তোলনের অভিজ্ঞতা সনদপত্র।<br>গ) এ ছাড়াও অন্যান্য শর্তাবলী সিডিউলে উল্লেখ আছে।<br>ঘ) দরপত্রের সকল কার্যক্রম "The Public Procurement Act-2006" and "The Public Procurement Regulations-2008" এবং এর তদীয় সংশোধনী বিধি মোতাবেক পরিচালিত হবে। |

| গ্রুপ | কাজের নাম | পরিমাণ/সংখ্যা | দরপত্র সিডিউলের মূল্য | দরপত্র জামানতের বিবরণ | কাজের সময়সীমা |
|---|---|---|---|---|---|
| গ্রুপ-ক | গম পিষাই | চাহিদা অনুযায়ী | ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা | ৯০,০০০/- | ২০১৩-১৪ অর্থ সাল |
| গ্রুপ-খ | সরকারি খাদ্য গুদাম হতে ব্যাটালিয়ন খাদ্য গুদামে শুকনা রেশন সামগ্রী উঠানো/নামানোর কুলি ঠিকাদার নিয়োগ | চাহিদা অনুযায়ী | ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা | ৪০,০০০/- | ২০১৩-১৪ অর্থ সাল |

কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**সারোয়ার মুর্শেদ শামীম**
বিপি নং-৭৪০১০২০৭৯৩
অধিনায়ক (পুলিশ সুপার)
৫ এপিবিএন, উত্তরা, ঢাকা
☎-৮৯১১৩১৪, 🖷-৮৯১৪২৬৭

জিডি-৬১৩

---

# Government of the People's Republic of Bangladesh

Prime Minister's Office
Bangladesh Economic Zones Authority
Support to Capacity Building of Bangladesh Economic Zones Authority Project
Level-15, BDBL Bhaban, 12, Karwan Bazar, Dhaka

No: 03.761.007.01.02.51.2012-77 Dated: 12-02-2013

## Invitation of Tenders for Procurement of Computers and Printers

## BEZA (Project) Open Tender No. 05/2012-13

| | | |
|---|---|---|
| 1 | Ministry/Division | Prime Minister's Office. |
| 2 | Agency | Bangladesh Economic Zones Authority (BEZA). |
| 3 | Procuring entity name | Project Director, Support to Capacity Building of Bangladesh Economic Zones Authority Project. |
| 4 | Procuring entity code | Not used at present. |
| 5 | Procuring entity district | Dhaka. |
| 6 | Invitation for | Procurement of Brand New Computers and Printers. |
| 7 | Invitation Ref No. | 03.761.007.01.02.51.2012-77 |
| 8 | Date | 12-02-2013. |
| 9 | Procurement method | OTM (NCB). |
| 10 | Budget and source of funds | Development Budget. |
| 11 | Development partners | IDA and DFID. |
| 12 | Project code | 05-0305-5011. |
| 13 | Project name | Support to Capacity Building of Bangladesh Economic Zones Authority Project. |
| 14 | Tender package No. | BEZA G-4-B. |
| 15 | Tender package name | Procurement of 20 (twenty) computers and 15 (fifteen) printers. |
| 16 | Tender publication date | On or before 16-02-2013. |
| 17 | Tender document last selling date | 03-03-2013, during office hours. |
| 18 | Tender closing date and time | 04-03-2013 up to 2.00pm. |
| 19 | Tender opening date and time | 04-03-2013 at 2.30pm. |
| 20 | Name & address of the office | **Address:** |
| | Selling tender document | Project Director, Support to Capacity Building of Bangladesh Economic Zones Authority Project, Level-15 (EAST), BDBL Bhaban, 12, Karwan Bazar, Dhaka. |
| | Receiving tender document | Project Director's Office, Support to Capacity Building of Bangladesh Economic Zones Authority Project, Level-15 (EAST), BDBL Bhaban, 12, Karwan Bazar, Dhaka. |
| | Opening tender document | Project Director, Support to Capacity Building of Bangladesh Economic Zones Authority Project, Level-15 (EAST), BDBL Bhaban, 12, Karwan Bazar, Dhaka. |
| 21 | Eligibility of tenderer | The tenderer must have<br>(1) Trade license renewed up to 30-06-13;<br>(2) Income Tax clearance certificate up to the assessment year 2011-12;<br>(3) VAT registration certificate;<br>(4) Financial solvency certificate from any schedule bank;<br>(5) Successful completion certificate for supplying of computers during last 5 (five) years under any government, semi-government or, autonomous bodies; (only work order will not be accepted).<br>(6) Manufacturer's authorization letter/dealership/agency certificate. |
| 22 | Brief description of work | Supplying 20 (twenty) Brand New Desktop Computers, 15 (fifteen) Printers [10 (ten) Laser Printers and 05 (five) Networking Printers]. |
| 23 | Special condition | 1) No clone product will be accepted.<br>2) Suitable anti-virus must be installed.<br>3) If there happens any transport disruption or govt. holidays on the abovementioned dates, the next normal working day will be treated as the valid dates of selling, dropping and opening of the tender. Time shall remain unchanged. |
| 24 | Price of tender document | Tk. 750/- (seven hundred fifty) non-refundable. |

| 25 | Package No. | Lot No. | Identification of work | Location | Tender security amount (Tk.) | Completion time in year |
|---|---|---|---|---|---|---|
| | BEZA G-4-B | 1 | Supply of:<br>A. 20 (twenty) Brand New Desktop Computers.<br>B. 10 (ten) Laser Printers.<br>C. 05 (five) Networking Printers. | BEZA Office Level-15 (EAST), BDBL Bhaban, 12, Karwan Bazar, Dhaka | BDT 40,000/- (forty thousand) in favour of Project Director, Support to Capacity Building of Bangladesh Economic Zones Authority Project in the form of Pay-Order/Bank Draft/Bank Guarantee from any schedule bank of Bangladesh | 02 (two) weeks from the date of signing agreement |

| | | |
|---|---|---|
| 26 | Name of official inviting tender | Dr. Md. Nurannabi Mridha. |
| 27 | Designation of official inviting tender | Project Director (Joint Secretary). |
| 28 | Address of official inviting tender | Project Director, Support to Capacity Building of Bangladesh Economic Zones Authority Project, Level-15 (EAST), BDBL Bhaban, 12, Karwan Bazar, Dhaka. |
| 29 | Contact details of official inviting tender | Tel. No. 8180170; Fax: 8180171. |
| 30 | Special instructions: | 1. The procuring entity reserves the right at the time of contract award to increase or decrease the quantity of items mentioned in the proposals without any change in the unit prices.<br>2. The procuring entity reserves the right to accept any tender or reject all tenders without assigning any reason thereof.<br>3. Tender security of the responsive bidders will be refunded after signing agreement with the successful bidder.<br>4. In all cases "The Public Procurement Act 2006" and "The Public Procurement Rules (PPR-2008)" shall be followed. |

**Dr. Md. Nurannabi Mridha**
Project Director (Joint Secretary)
Phone: 8180170

GD-623

---

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা

## ওয়ার্কশপ তালিকাভুক্তিকরণ সম্পর্কিত বিজ্ঞপ্তি

| | | |
|---|---|---|
| ০১ | মন্ত্রণালয়/বিভাগ | প্রধানমন্ত্রীর কার্যালয়। |
| ০২ | আবেদনপত্র আহবানকারী সত্তা | পরিচালক (পরিবহন), প্রধানমন্ত্রীর কার্যালয়। |
| ০৩ | সংগ্রহকারীর সত্তার জেলা | ঢাকা। |
| ০৪ | কি জন্য আহবান | ২০১২-২০১৩ এবং ২০১৩-২০১৪ অর্থ বৎসরের জন্য প্রধানমন্ত্রীর পরিবহন পুলের ওয়ার্কশপ তালিকাভুক্তকরণ প্রসঙ্গে। |
| ০৫ | আহবানের সূত্র ও তারিখ | ০৩.০৮০.০২৬.০০.০০.২২১.২০১২ (অংশ)-১২৮, তারিখঃ ১২.০২.২০১৩। |
| ০৬ | সংগ্রহ পদ্ধতি | সীমিত দরপত্র পদ্ধতি। |
| ০৭ | বাজেট ও সোর্স অব ফান্ড | প্রধানমন্ত্রীর কার্যালয়ের বরাদ্দকৃত সংশ্লিষ্ট খাতে (কোড নং-৪৯০১) প্রাপ্ত বরাদ্দ। |
| ০৮ | প্যাকেজের নাম | প্রধানমন্ত্রীর পরিবহন পুলের জন্য ওয়ার্কশপ তালিকাভূক্তকরণ। |
| ০৯ | আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ও সময় | ০৭.০৩.২০১৩ তারিখ বেলা ২.০০ ঘটিকার মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ৪নং ফটকে রক্ষিত টেন্ডার বাক্সে আবেদনপত্র জমা দিতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদন বিবেচনা করা হবে না। |
| ১০ | আবেদনপত্র খোলার অফিসের নাম ও ঠিকানা | প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫। |
| ১১ | আবেদনপত্র গ্রহণ ও খোলার দপ্তর | পরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা। |
| ১২ | আবেদনকারীদের যোগ্যতা | (ক) আবেদনকারীকে স্ব-স্ব প্রতিষ্ঠানের লেটার প্যাডে আবেদন করতে হবে এবং আবেদনপত্রের সাথে আয়কর সনাক্তকরণ নম্বর (TIN) সার্টিফিকেট, হালনাগাদ আয়কর পরিশোধ সনদপত্র/আয়কর রিটার্ন, হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিষ্ট্রেশন সনদপত্র, যে কোন তফসিল ব্যাংক কর্তৃক হালনাগাদ আর্থিক স্বচ্ছলতা সংক্রান্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং ওয়ার্কশপ মালিক সমিতির সদস্য সনদপত্রের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।<br>(খ) গাড়ি মেরামতের জন্য পর্যাপ্ত জায়গা এবং ওয়ার্কশপ দেওয়াল ঘেরা হতে হবে ও পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা থাকতে হবে। ওয়ার্কশপের জায়গার মালিকানা নিজস্ব হলে তার প্রমাণপত্র কিংবা ভাড়া হলে ভাড়ার চুক্তিপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।<br>(গ) সরকারি/বেসরকারি পর্যায়ে যানবাহন মেরামতের কাজের ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। অভিজ্ঞতার সত্যায়িত প্রত্যয়নপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।<br>(ঘ) ওয়ার্কশপে আধুনিক যন্ত্রপাতি থাকতে হবে এবং যন্ত্রপাতির তালিকা আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।<br>(ঙ) উপযুক্ত দক্ষ কারিগরী জনবল থাকতে হবে এবং জনবলের তালিকা আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।<br>(চ) চূড়ান্ত মনোনীত প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহকে তালিকাভুক্তি ফি বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা (অফেরতযোগ্য) নগদ অর্থে প্রধানমন্ত্রীর কার্যালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তার নিকট প্রাপ্তি রশিদের বিপরীতে জমা প্রদান করতে হবে।<br>(ছ) নতুন তালিকাভুক্তির জন্য মনোনীত প্রতিষ্ঠানকে তালিকাভুক্তির জামানত হিসেবে ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দাখিল করতে হবে। যা তালিকাভুক্তির মেয়াদ শেষে ফেরত প্রদান করা হবে।<br>(জ) ২০১২-২০১৩ অর্থ বছরের জন্য ইতোপূর্বে তালিকাভুক্তি ওয়ার্কশপসমূহকে নতুন করে আবেদন করতে হবে না।<br>(ঝ) যে কোন আবেদন গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন। |
| ১৩ | আহবানকারী কর্মকর্তার নাম ও পদবী | মেজর মোঃ নজরুল ইসলাম, পরিচালক (পরিবহন), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা। |
| ১৪ | আহবানকারী কর্মকর্তার যোগাযোগের মাধ্যম | ৮১৫১২০৪ ও ৯৫৬৩৮০৬। |
| ১৫ | ওয়েবসাইট ঠিকানা | www.pmo.gov.bd |
| ১৬ | আবেদনপত্র গ্রহণ ও মূল্যায়ন | পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণ করা হবে। |

১৭। সংগ্রহকারী সত্তা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১৮। আবেদনকারীকে ১২ নং কলাম ভালোভাবে পাঠ করে আবেদন দাখিলের পরামর্শ দেয়া হলো।

জিডি-৬৬২ **পরিচালক (পরিবহন)**

---

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dip.gov.bd

নং-ব.পা.অ/প্রঃ ১/৫২/২০১২/৩২৮ তারিখঃ ০৬-০২-২০১৩খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের নিম্নোক্ত শূন্য পদ অস্থায়ীভাবে পূরণের উদ্দেশ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকগণের নিকট হতে নিম্নে উল্লেখিত শর্ত সাপেক্ষে সাদা কাগজে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১। | সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর<br>বেতন স্কেলঃ ৫৫০০-১২০৯৫/- | ০২(দুই)টি (পদের সংখ্যা বৃদ্ধি হতে পারে) | (ক) এইচ.এস.সি পাস।<br>(খ) বাংলা ও ইংরেজি শ্রুতিলিখনে ন্যূনতম গতি প্রতি মিনিটে যথাক্রমে ৫০ ও ৮০ শব্দ থাকতে হবে।<br>(গ) কম্পিউটারে বাংলা ও ইংরেজি টাইপের ন্যূনতম গতি যথাক্রমে প্রতি মিনিটে ২৫ ও ৩০ শব্দ থাকতে হবে। | সকল জেলা |
| ২। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>বেতন স্কেলঃ ৪৭০০-৯৭৪৫/- | ৮১ (একাশি)টি (পদের সংখ্যা বৃদ্ধি হতে পারে) | (ক) এইচ.এস.সি পাস বা সমমানের পরীক্ষা পাস।<br>(খ) কম্পিউটারে বাংলা ও ইংরেজি টাইপের ন্যূনতম গতি প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ২৮ শব্দ থাকতে হবে। | -ঐ- |
| ৩। | রেকর্ড কীপার<br>বেতন স্কেলঃ ৪৭০০-৯৭৪৫/- | ৪০(চল্লিশ)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পাস বা সমমানের পরীক্ষায় পাস।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষ হতে হবে। | -ঐ- |

**শর্তাবলীঃ**

১। সাদা কাগজে স্বহস্তে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ০৭-০৩-২০১৩ তারিখে বয়স, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, নিজ জেলার নাম ও অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি উল্লেখপূর্বক আগামী ০৭-০৩-২০১৩খ্রিঃ তারিখের মধ্যে "মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭" বরাবরে আবেদনপত্র পৌছাতে হবে। উল্লেখিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গৃহিত হবে না।

২। আবেদনকারীর বয়স ০৭-০৩-২০১৩খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর।

৩। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে বিদ্যমান সরকারি কোটানীতি অনুসরণ করা হবে। তবে যে কোন জেলার এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীগণ আবেদন করতে পারবেন। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের আবেদন আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তরের প্রধান কার্যালয় অথবা সংশ্লিষ্ট জেলা আনসার কমান্ডার এর মাধ্যমে প্রেরণ করতে হবে। মুক্তিযোদ্ধা/তাঁদের সন্তানদের মুক্তিযোদ্ধা সংক্রান্ত সনদপত্র/প্রত্যয়নপত্র গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত হতে হবে। এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে যুক্ত করতে হবে।

৪। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও বিভিন্ন কর্পোরেশনে কর্মরত প্রার্থীদের স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অগ্রিম বা হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৫। ইউনিয়ন পরিষদ/পৌরসভা/পৌর কর্পোরেশনের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্র, প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, শিক্ষাগত যোগ্যতা, কারিগরী যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র এবং সম্প্রতি তোলা ০৪(চার) কপি পাসপোর্ট সাইজ ও ০১(এক) কপি ষ্ট্যাম্প সাইজ ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার (নামের সীলসহ) কর্তৃক সত্যায়ন করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। আবেদনপত্রের সাথে দাখিলযোগ্য কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা "নামের সীল' -সহ কর্তৃক সত্যায়িত না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৬। আবেদনপত্র সহিত "মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭" বরাবরে কোড নং ১-২২৭৫-০০০০-২০৩১তে ১৫০ (একশত পঞ্চাশ) টাকা জমার ট্রেজারী চালানের মূলকপি সংযুক্ত করতে হবে।

৭। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৮। নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত পূরণ হয়নি এমন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৯। কর্তৃপক্ষ নিয়োগযোগ্য পদের সংখ্যা-হ্রাস/বৃদ্ধি করতে পারেন।

১০। নিয়োগ পরীক্ষার জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

১১। খামের উপর বামদিকে আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে এবং প্রার্থীর নিজ ঠিকানা উল্লেখপূর্বক প্রতিটি খামে ৬(ছয়) টাকা মূল্যের ডাকটিকেটযুক্ত ০৩(তিন)টি "ফেরত খাম" আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ প্রক্রিয়া বাতিল/স্থগিত করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

**এস এম নজরুল ইসলাম**
উপ-পরিচালক (প্রশাসন ও সংস্থাপন)
মহাপরিচালকের পক্ষে

জিডি-৬৪৭